গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সহকারী পরিচালক(ইঞ্জিঃ) এর কার্যালয়
বগুড়া সার্কেল, বগুড়া।
www.brta.gov.bd

স্মারক নং-৩৫.০৩.০০৪৬.০০০.৯৯.০০১.২০২৫- ৩১৮ তারিখ : ০৮-০৪-২০২৬ খ্রি.

বরাবর
পরিচালক (ইঞ্জিনিয়ারিং)
বিআরটিএ সদর কার্যালয়, বিআরটিএ ভবন,
নতুন বিমান বন্দর সড়ক,বনানী, ঢাকা।

বিষয় : ড্রাইভিং লাইসেন্স সাময়িকভাবে স্থগিত/বাতিল করণ প্রসঙ্গে।
**সূত্রঃ নীলফামারী বিআরটিএ স্মারক নং-৩৫.০৩.৭৩০০.০০০.২৫.০১৫.২৬-১৩৭ তারিখঃ ০৫/০৪/২০২৬ খ্রি.**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নে উল্লেখিত ড্রাইভিং লাইসেন্স সাময়িকভাবে স্থগিত/বাতিল করার জন্য এতদ্বসংঙ্গে সংযুক্তি পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্ত ছক আকারে নিম্নে উপস্থাপন করা হলো।

| ক্রঃ নং | নাম | পিতার নাম | ড্রাইভিং লাইসেন্স নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | মোঃ সাইফুর রহমান | মোঃ আব্দুর রাজ্জাক চান্দ মিয়া | রেফাঃ OD/916/88<br>BG0008818HP0009 | মেয়াদ ২১/০৮/২০২৪ খ্রি.<br>(মেয়াদোত্তীর্ণ) |

এমতাবস্থায়, উল্লিখিত ড্রাইভিং লাইসেন্স সাময়িকভাবে স্থগিত/বাতিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
সংযুক্তি: ০৩(তিন) পাতা।

০৮/০৪/২০২৬

মোহাম্মাদ হারুন উর রশিদ
সহকারী পরিচালক(ইঞ্জিনিয়ারিং)
পরিচিতি নং-২০০৬২০০০২৮
ফোন ঃ ০২৫৮৯৯০৩৩১৫

**অনুলিপি সদয় অবগতির জন্য ঃ**

১। পরিচালক (ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ, রাজশাহী বিভাগ, রাজশাহী।
২। উপপরিচালক (ইঞ্জিনিয়ারিং) ড্রাইভিং লাইসেন্স শাখা, বিআরটিএ, সদর কার্যালয় নতুন বিমানবন্দর সড়ক বনানী, ঢাকা।
৩। পি এস টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বিআরটিএ, নতুন বিমান বন্দর সড়ক, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।
৪। অফিস কপি।

*F:\লাইসেন্স ডিলিট\নীলফামারী দুর্ঘটনা.doc*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সহকারী পরিচালক (ইঞ্জিঃ) এর কার্যালয়
নীলফামারী সার্কেল, নীলফামারী।

স্মারক নং- ৩৫.০৩.৭৩০০.০০০.২৫.০১৫.২৬- ১৩৭ তারিখঃ ০৫/০৪/২০২৬ খ্রিঃ।

**বিষয় ঃ ঢাকা মেট্রো-ব-১৫-৮৬১৩ নং মোটরযানের চালকের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্রঃ বিআরটিএ, নীলফামারী সার্কেলের ০২/০৪/২০২৬ খ্রি. তারিখের দূর্ঘটনা প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সৌমি পরিবহনের ব্যানারে পরিচালিত ঢাকা মেট্রো-ব-১৫-৮৬১৩ বাসটি গত ০২/০৪/২০২৬ খ্রি. তারিখ বৃহস্পতিবার বিকাল আনুমানিক ০৪:০০ ঘটিকায় অতিরিক্ত গতিতে বিপদজনকভাবে ওভারটেকিং করতে গিয়ে দূর্ঘটনায় পতিত হয়। নীলফামারী জেলাস্থ কিশোরগঞ্জ উপজেলার ধরেয়ার বাজার সংলগ্ন এলাকায় সংঘটিত মর্মান্তিক এ সড়ক দুর্ঘটনায় উক্ত বাসের চাকায় পিষ্ট হয়ে বাসের হেলপারের মৃত্যু হয়েছে। নিম্নস্বাক্ষরকারী ও অত্র সার্কেলের মোটরযান পরিদর্শক জনাব মোঃ মেহেদী হাসান কর্তৃক গত ০২/০৪/২০২৬ খ্রি. তারিখ সন্ধ্যা ০৬:৩০ ঘটিকায় ঘটনাস্থল সরেজমিনে পরিদর্শন করা হয়। সংশ্লিষ্ট মোটরযান ও যানের চালক বর্তমানে নীলফামারী জেলাস্থ কিশোরগঞ্জ থানা হেফাজতে রয়েছে এবং এ বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন আছে।

০২। বিআরটিএ আইএস এর তথ্য অনুসারে চালকের ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত তথ্য নিম্নরূপ

| | |
|---|---|
| লাইসেন্সিং অথরিটি | ঃ বিআরটিএ, বগুড়া সার্কেল |
| রেফারেন্স নম্বর | ঃ OD/916/88 |
| লাইসেন্স নম্বর | ঃ BG0008818HP0009 |
| লাইসেন্সধারীর নাম ও ঠিকানা | ঃ মোঃ সাইফুর রহমান, পিতা- মোঃ আব্দুর রাজ্জাক চান্দ মিয়া, সাং- মাটিডালি, বগুড়া সদর, বগুড়া |
| লাইসেন্সের মেয়াদ | ঃ ২১/০৮/২০২৪ খ্রি. (মেয়াদোত্তীর্ণ) |

০৩। এমতাবস্থায়, সড়ক পরিবহন আইন ২০১৮ এর ধারা ১২ এর উপধারা ২ এবং সড়ক পরিবহন বিধিমালা ২০২২ এর বিধি ১৯ (১) এর (গ), (ছ), (জ), (ঞ) ও (ট) অনুযায়ী অপরাধ সংঘটিত হওয়ায় উপরোক্ত ড্রাইভিং লাইসেন্সটি সাময়িকভাবে স্থগিত/বাতিল করাসহ পরবর্তী প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

০৫/০৪/২৬
(এস,এম, মাহবুবুর রহমান)
পরিচিতি নম্বরঃ ২০১১১০২১১৩
সহকারী পরিচালক (ইঞ্জিঃ)
বিআরটিএ, নীলফামারী সার্কেল, নীলফামারী।
০৫/০৪/২৬

সহকারী পরিচালক (ইঞ্জিঃ)
বিআরটিএ, বগুড়া সার্কেল
বগুড়া।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ-
০১। পরিচালক (রোডসেফটি), বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।
০২। পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, রংপুর বিভাগীয় কার্যালয়, রংপুর।
০৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। অফিস কপি।

CS CamScanner
CS CamScanner

অফিসের নাম ঃ বিআরটিএ, নীলফামারী সার্কেল, নীলফামারী, সময়/মাস ঃ ০২/০৪/২০২৬ খ্রি.

| ক্র নং | সড়ক/মহাসড়কের নাম এবং দুর্ঘটনার তারিখ, সময় ও স্থান | মামলা নং, তারিখ ও ধারা (যদি থাকে) এবং দুর্ঘটনার কারণ | দুর্ঘটনার বিবরণ | দুর্ঘটনায় জড়িত গাড়ির সংখ্যা, নম্বর ও কাগজপত্রের হালনাগাদ অবস্থা | নিহতের বিবরণ (বয়স, চালক, যাত্রী, পথচারী, পুরুষ, মহিলা, শিশু ইত্যাদি) | আহতের সংখ্যা | রেফারেন্স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | নীলফামারী জেলাস্থ কিশোরগঞ্জ উপজেলার ধরেয়ার বাজার সংলগ্ন এলাকায়<br>তারিখ: ০২/০৪/২০২৬<br>সময়:<br>আনুমানিক বিকাল ০৪:০০ ঘটিকা | প্রক্রিয়াধীন | নীলফামারী জেলাস্থ কিশোরগঞ্জ উপজেলায় সড়ক দুর্ঘটনায় বাসের চাকায় পিষ্ট হয়ে দূর্ঘটনাকবলিত বাসের হেলপারের মৃত্যু হয়েছে। অদ্য ০২ রা এপ্রিল/২৬ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বিকেল আনুমানিক ৪ ঘটিকায় ধরেয়ার বাজার সংলগ্ন এলাকায় এ মর্মান্তিক সড়ক দুর্ঘটনা ঘটে। নিহত মেরাজুল ইসলাম (৩৫) বগুড়া জেলার মোকামতলা এলাকার বাসিন্দা। তিনি সৌমি পরিবহনের হেলপার হিসেবে কর্মরত ছিলেন।<br><br>প্রত্যক্ষদর্শী ও সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, ডিমলা থেকে বগুড়াগামী সৌমি পরিবহনের একটি যাত্রীবাহী বাস (ঢাকা মেট্রো-ব-১৫-৮৬১৩) ধরেয়ার বাজার এলাকায় পৌঁছালে একটি ট্রাককে ওভারটেক করতে গিয়ে নিয়ন্ত্রণ হারানোর উপক্রম হয়। এ সময় বাসটি উল্টে যাওয়ার আশঙ্কায় হেলপার মেরাজুল ইসলাম নিজেকে রক্ষা করতে গাড়ি থেকে লাফ দেয়ার চেষ্টা করেন কিন্তু দুর্ভাগ্যজনকভাবে তার পা বাসে আটকে যায় এবং মুহূর্তেই বাসের চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।<br>খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে বাসটি জব্দ করে এবং মরদেহ উদ্ধার করে কিশোরগঞ্জ থানায় নিয়ে যায়। কিশোরগঞ্জ থানা অফিসার ইনচার্জ (ওসি) লুৎফর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, এ বিষয়ে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে। | গাড়ির সংখ্যা ০২ টি<br>১। ০১ টি বাস যাহার রেজিঃ নং- ঢাকা মেট্রো-ব-১৫-৮৬১৩<br>২। ০১টি অজ্ঞতনামা ট্রাক | ১। মেরাজুল ইসলাম (৩৫), হেলপার | - | ১। পুলিশ সুপারের কার্যালয়, নীলফামারী।<br><br>২। বিআরটিএ, নীলফামারী সার্কেল কর্তৃক দূর্ঘটনাস্থল পরিদর্শন<br><br>৩। কিশোরগঞ্জ থানা, নীলফামারী। |

02.04.26

মোঃ মেহেদী হাসান
পরিচিতি নং-২০১৫২০০০৬১
মোটরযান পরিদর্শক
বিআরটিএ, নীলফামারী সার্কেল, নীলফামারী

CS CamScanner


H.T.V. Ch.
2.7.83


LA. Dhaka
2.7.83

অত্র লাইসেন্সটি প্লাস্টিক কার্ড লাইসেন্সে প্রস্তুতের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

জন্মতারিখ-০১/০১/১৯৬৩ইং

BG0009468HP





লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ

টাকা

এ. সি. কি নং

তারিখ

মেয়াদ

লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ

লাইসেন্সিং কর্তৃপক্ষ, বি আর টি এ, বগুড়া।

9-74 (Approved).
লাখ ১০ হাজার, বহি, ১৯৮১

ব্যাংক ড্রাফ্ট নং 7805229602080
টাকার পরিমান ২৫২৫/- তারিখ 22/04/18

